

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইসিটি শাখা

www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৩৩

তারিখ: ২৩ টেব্র ১৪২৬

০৬ এপ্রিল ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ০৬/০৪/২০২০ ইং তারিখ দুপুর ০১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস (সকাল ০৫:০০টা হতে) দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

সিনপটিক অবস্থাঃ লঘুচাপের বর্ধতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে। তবে কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলসহ খুলনা ও বরিশাল বিভাগে অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

তাপপ্রবাহঃ ঢাকা, টাঙ্গাইল, ফরিদপুর, রাজশাহী, পাবনা, যশোর এবং কুষ্টিয়া অঞ্চলসমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে এবং বিস্তারলাভ করতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিনঃ এ সময়ের শেষের দিকে বৃষ্টি/বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.২	৩৪.০	৩৩.৫	৩৫.৭	৩৭.০	৩৪.৩	৩৭.৫	৩৪.০
সর্বনিম্ন তাপমাত্রা	২০.০	২০.৩	২০.৫	২০.০	১৮.৩	১৫.৪	১৯.০	২২.৪

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল চুয়াডাঙ্গা এবং কুমারখালী ৩৭.৫° এবং আজকের সর্বনিম্ন তৈতুলিয়া ১৫.৪° সেঃ।

অগ্নিকান্ড

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৪/০৪/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৫/০৪/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৪৫ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৪	০	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	৯	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	৮	০	০
৮।	খুলনা	১৫	১	০
	মোট	৪৫	০১	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। **ঝিনাইদহঃ** ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার টেলিফোনে জানান যে, গত ০৫.০৪.২০২০ তারিখ রাত ১২.০৩ মিনিটে ঝিনাইদহ জেলার হরিণাকুন্ড উপজেলার ফতেহপুর গ্রামে ৩ টি গোয়ালঘরে আগুন লাগে। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট দ্রুত ঘটনাস্থলে গিয়ে রাত ০১.৫০ মিনিটে আগুন নির্বাপন করে। অগ্নিকান্ডে শাহীন মিয়া (৫০) নামে একজন সামান্য আহত হয়েছে।

করোনা ভাইরাস সংক্রান্ত তথ্যঃ

১। বিশ্ব পরিস্থিতিঃ

গত ১১/০৩/২০২০ খ্রিঃ তারিখ জেনেভাতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতিকে বিশ্ব মহামারী ঘোষণা করা হয়েছে। সারা বিশ্বে কোভিড-১৯ রোগটি বিস্তার লাভ করেছে। এ রোগে বহুলোক ইতোমধ্যে মৃত্যুবরণ করেছে। কয়েক লক্ষ মানুষ হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আগামী দিনগুলোতে এর সংখ্যা আরো বাড়ার আশংকা রয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার ০৫/০৪/২০২০ খ্রিঃ তারিখ এর করোনা ভাইরাস সংক্রান্ত Situation Report অনুযায়ী সারা বিশ্বের কোভিড-১৯ সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

ক্রঃ নং	বিবরণ	বিশ্ব	দক্ষিণ-পূর্ব এশিয়া
০১	মোট আক্রান্ত	১১,৩৩,৭৫৮	৭,৮১৬
০২	২৪ ঘন্টায় নতুন আক্রান্তের সংখ্যা	৮২,০৬১	১,২৮৮
০৩	মোট মৃত ব্যক্তির সংখ্যা	৬২,৭৮৪	৩০২
০৪	২৪ ঘন্টায় নতুন মৃত্যুর সংখ্যা	৫,৭৯৮	৩৫

২। বাংলাদেশ পরিস্থিতিঃ

স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সী অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট এবং প্রধানমন্ত্রীর দুর্যোগ ব্যবস্থাপনার সমন্বয় ও ত্রাণ তৎপরতা মনিটরিং সেল হতে প্রাপ্ত তথ্য নিম্নে প্রদান করা হলোঃ

(ক) বাংলাদেশে কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (০৬/০৪/২০২০খ্রিঃ):

	গত ২৪ ঘন্টা	অদ্যাবধি
কোভিড-১৯ পরীক্ষা হয়েছে এমন ব্যক্তির সংখ্যা	১৪৮	২,১৩৫
পজিটিভ রোগীর সংখ্যা	৩৫	১২৩

(খ) বাংলাদেশে করোনা ভাইরাস (কোভিড-১৯) এ মৃত্যু, আইসোলেশন ও কোয়ারেন্টাইন সংক্রান্ত তথ্য (গত ১০/০৩/২০২০ খ্রিঃ ০৬/০৪/২০২০ খ্রিঃ তারিখ):

বিষয়	সংখ্যা (জন)
কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির মধ্যে রিকোয়ারিপ্রাপ্ত রোগীর সংখ্যা	৩৩
কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তির মৃত্যুর সংখ্যা	১৩
হাসপাতালে আইসোলেশনে চিকিৎসাধীন মোট ব্যক্তির সংখ্যা	১২৭
হাসপাতালে আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৫৯
বর্তমানে হাসপাতালে আইসোলেশনে থাকা ব্যক্তির সংখ্যা	৬৮
মোট কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	৬৬,৮১০
কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৫৫৪৮০
বর্তমানে কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	১১৩৩০
মোটহোম কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	৬৬৫১১
হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	৫৫২৯০
বর্তমানে হোম কোয়ারেন্টাইনরত ব্যক্তির সংখ্যা	১১২২১
হাসপাতালে কোয়ারেন্টাইন থাকা ব্যক্তির সংখ্যা	২৯৯
হাসপাতাল কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তির সংখ্যা	১৯০
বর্তমানে হাসপাতাল কোয়ারেন্টাইনে থাকা ব্যক্তির সংখ্যা	১০৯

(গ) বাংলাদেশে স্কিনিংকৃত যাত্রীর সংখ্যা (০৫/০৪/২০২০খ্রিঃ):

বিষয়	২৪ ঘন্টায় সর্বশেষ পরিস্থিতি	গত ২১/০১/২০২০ থেকে অদ্যাবধি
মোট স্কিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	২৬৯	৬,৬৮,০৪৬
এ পর্যন্ত দেশের ৩টি আন্তর্জাতিক বিমান বন্দরে বিদেশ থেকে আগত স্কিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	০৮	৩,২২,৪৩৮
দু'টি সমুদ্র বন্দরে (চট্টগ্রাম সমুদ্র বন্দর ও মংলা সমুদ্র বন্দর) স্কিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	১৪৩	১১,৯৮৫
ঢাকা ক্যান্টনমেন্ট ও বেনাপোল রেলওয়ে স্টেশনে স্কিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	০	৭,০২৯
অন্যান্য চালু স্থলবন্দরগুলোতে স্কিনিংকৃত যাত্রীর সংখ্যা (জন)	১১৮	৩,২৬,৫৯৪

(ঘ) বাংলাদেশে নভেল করোনা ভাইরাস (COVID-

19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলেশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য ০৫/০৪/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৮ টার পূর্বের ২৪ ঘন্টার তথ্য):

ক্রঃ নং	বিভাগের নাম	২৪ ঘন্টায় (পূর্বের দিন সকাল ০৮ ঘটিকা থেকে অদ্য সকাল ০৮ ঘটিকা পর্যন্ত)		
		কোয়ারেন্টাইন	হাসপাতালে আইসোলেশন	রোগীর তথ্য

		হোম কোয়ারেন্টাইন		হাসপাতাল ও অন্যান্য স্থান		মোট		আইসোলেশনে চিকিৎসার্থী রোগীর সংখ্যা	আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	কোভিড-১৯ প্রমাণিত রোগীর সংখ্যা	হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা
		হোম কোয়ারেন্টাইন পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা	হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা	কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা	হাসপাতালে কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	মোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা	মোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা				
০১	ঢাকা	১৫৯	৪২৭	২	-	১৬১	৪২৭	৪	১	-	-
০২	ময়মনসিংহ	১৬৬	২৩৭	-	-	১৬৬	২৩৭	-	-	-	-
০৩	চট্টগ্রাম	৪২	৩৫৪	৪	-	৪৬	৩৫৪	১	-	-	-
০৪	রাজশাহী	৩৯	২৬০	১৫	-	৫৪	২৬০	৩	৩	-	-
০৫	রংপুর	২০	১১৫	৩	-	২৩	১১৫	১	-	-	-
০৬	খুলনা	১৩৯	৪২৩	৬	-	১৪৫	৪২৩	৪	৩	-	-
০৭	বরিশাল	৭	৬২	-	-	৭	৬২	১	-	-	-
০৮	সিলেট	১৩৭	২০০	-	-	১৩৭	২০০	-	-	-	-
	সর্বমোট	৭০৯	২,০৬৮	৩০	-	৭৩৯	২,০৬৮	১৪	৭	-	-

(ঙ) বাংলাদেশে নতুন করোনা ভাইরাস (COVID-19) রোগে কোয়ারেন্টাইন এবং আইসোলেশনের প্রতিবেদন (বিভাগওয়ারী তথ্য, ১০/০৩/২০২০ খ্রিঃ হতে ০৫/০৪/২০২০ খ্রিঃ সকাল ৮ টা পর্যন্ত):

ক্রঃ নং	বিভাগের নাম	১০/০৩/২০২০ খ্রিঃ হতে সর্বমোট/অদ্যাবধি									
		কোয়ারেন্টাইন						হাসপাতালে আইসোলেশন		রোগীর তথ্য	
		হোম কোয়ারেন্টাইন		হাসপাতাল ও অন্যান্য স্থান		সর্বমোট		আইসোলেশনে চিকিৎসার্থী রোগীর সংখ্যা	আইসোলেশন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	কোভিড-১৯ প্রমাণিত রোগীর সংখ্যা	হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা
		হোম কোয়ারেন্টাইন পাঠানো ব্যক্তি/যাত্রীর সংখ্যা	হোম কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত ব্যক্তি/যাত্রীর সংখ্যা	হাসপাতালে কোয়ারেন্টাইনে অবস্থানরত রোগীর সংখ্যা	কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা	সর্বমোট কোয়ারেন্টাইনরত রোগীর সংখ্যা	সর্বমোট কোয়ারেন্টাইন হতে ছাড়পত্র প্রাপ্ত রোগীর সংখ্যা				
০১	ঢাকা	১৬,১৭২	১৩,৮৮৯	১০৯	৮৩	১৬,২৮১	১৩,৯৭২	২৩	৮	-	-
০২	ময়মনসিংহ	৩,০৪৯	২,৮৬৯	১	-	৩,০৫০	২,৮৬৯	-	-	-	-
০৩	চট্টগ্রাম	১৫,৪৪৬	১৪,২৬৬	৫৫	২৬	১৫,৫০১	১৪,২৯২	২৩	১৩	-	-
০৪	রাজশাহী	৭,১৮২	৫,৮২৫	৩৯	২২	৭,২২১	৫,৮৪৭	২৪	১১	-	-
০৫	রংপুর	৩,৪৬৭	২,৯৫৮	১৪	৭	৩,৪৮১	২,৯৬৫	১১	৬	৪	-
০৬	খুলনা	১৪,৫৭৮	৯,৮৬৫	৪৮	৩৪	১৪,৬২৬	৯,৮৯৯	২৩	১৬	১	১
০৭	বরিশাল	৩,০৭৪	২,৬৮৫	২	১	৩,০৭৬	২,৬৮৬	১৯	৫	-	-
০৮	সিলেট	৩,৫৪৩	২,৯৩৩	৩১	১৭	৩,৫৭৪	২,৯৫০	৪	-	-	-
	সর্বমোট	৬৬,৫১১	৫৫,২৯০	২৯৯	১৯০	৬৬,৮১০	৫৫,৪৮০	১২৭	৫৯	৫	১

(চ) বর্তমানে কোভিড-১৯ পরীক্ষাকেন্দ্রসমূহ (০৬/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত):

ঢাকায়	ঢাকার বাইরে
১. আইইডিসিআর	১. বাংলাদেশ ইন্সটিটিউট অফ ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস, চট্টগ্রাম
২. আইপিএইচ	২. ময়মনসিংহ মেডিকলে কলেজ, ময়মনসিংহ
৩. আইসিডিডিআরবি	৩. রাজশাহী মেডিকলে কলেজ, রাজশাহী
৪. আর্মড ফোর্সেস ইন্সটিটিউট অব প্যাথলজি	৪. রংপুর মেডিকেল কলেজ, রংপুর
৫. সিএইচআরএফ এন্ড এসএইচ	৫. কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার
৬. বিএসএমএমইউ	
৭. আইদেশী (ideSHi)	
৮. ঢাকা মেডিকেল কলেজ	
৯. ন্যাশনাল ইনস্টিটিউট অফ ল্যাবরেটরি মেডিসিন	

(ছ) কোভিড-১৯ সংক্রান্ত লজিস্টিক মজুদ ও সরবরাহ সংক্রান্ত তথ্য (০৬/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত):

সরঞ্জামের নাম	মোট সংগ্রহ	মোট বিতরণ	বর্তমান মজুদ
পিপিই (PPE)	৪,৬৯,৫০২	৪,১১,৩৩৯	৫৮,১৬৩
টেস্ট কিটস	৯২,০০০	২১,০০০	৭১,০০০

(জ) হট লাইনে কোভিড-১৯ এর সেবা প্রদান সংক্রান্ত তথ্য (০৫/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত):

বিষয়	সংখ্যা/জন	মন্তব্য
অদ্যাবধি হট লাইনে মোট ফোন কলের সংখ্যা	১৩,৭০,৫৮৩ টি	হট লাইনসমূহ ১৬২৬৩
গত ২৪ ঘন্টায় মোট ফোন কলের সংখ্যা	৯৭,৯৪৮ টি	৩৩৩
শেচ্ছাসেবী হিসেবে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত তথ্য ও চিকিৎসা সেবা প্রদানে হট লাইনে যুক্ত চিকিৎসক সংখ্যা	২,০৬১ জন	১০৬৫৫ ০১৯৪৪৩৩২২২

(ঝ) কোভিড-১৯ চিকিৎসা ব্যবস্থাপনা ও হাসপাতাল সংক্রমণ এবং নিয়ন্ত্রণের জন্য প্রশিক্ষণ (০৫/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত):

চিকিৎসক	নার্স	মন্তব্য
৯১৫	৯৮	এছাড়াও আজ ৫০০ এর অধিক প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীগণকে DHIS2 তে কভিড-১৯ সারভিলিয়েন্স সিস্টেম বিষয়ে অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রমঃ

(ক) সারাদেশে করোনা ভাইরাসের কারণে যে সকল কর্মজীবী মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে তাদের মধ্যে ত্রাণ বিতরণের ক্ষেত্রে করণীয় বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা এ মন্ত্রণালয় হতে পত্রের মাধ্যমে সকল জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অবহিত করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর যে সকল নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে তা নিম্নরূপঃ

- সারাদেশে করোনা ভাইরাসের কারণে যে সকল কর্মজীবী মানুষ কর্মহীন হয়ে খাদ্য সমস্যায় আছে সে সকল কর্মহীন লোক (যেমন- রাস্তায় ভাসমান মানুষ, প্রতিবন্ধী, বয়স্ক ব্যক্তি, ভিক্ষুক, ভবঘুরে, দিন মজুর, রিক্সা চালক, ভ্যান গাড়ী চালক, পরিবহণ শ্রমিক, রেষ্টুরেন্ট শ্রমিক, ফেরীওয়াল, চা শ্রমিক, চায়ের দোকানদার) যারা দৈনিক আয়ের ভিত্তিতে সংসার চালায় তাদের তালিকা প্রস্তুত করে ত্রাণ বিতরণ করতে হবে।
- যারা লাইনে দাঁড়িয়ে ত্রাণ নিতে সংকোচ বোধ করেন তাদের আলাদা তালিকা প্রস্তুত করে বাসা/ বাড়ীতে খাদ্য সহায়তা পৌঁছে দিতে হবে।
- সিটি কর্পোরেশন/পৌরসভা/ ইউনিয়ন পর্যায়ে ওয়ার্ড ভিত্তিক নির্মাণ ও কৃষি শ্রমিকসহ উপরে উল্লিখিত উপকারভোগীদের তালিকা প্রস্তুত করে খাদ্য সহায়তা প্রদান অব্যাহত রাখতে হবে।
- স্থানীয় পর্যায়ে বিতরণীয় ব্যক্তি/ সংগঠন/এনজিও কোন খাদ্য সহায়তা প্রদান করলে জেলা প্রশাসকগণ কর্তৃক প্রস্তুতকৃত তালিকার সাথে সমন্বয় করবেন যাতে দ্বৈততা পরিহার করা যায় এবং কোন উপকারভোগী যেন বাদ না পড়ে।
- ত্রাণ বিতরণ কার্যক্রম সুষ্ঠু ও স্বচ্ছ করার লক্ষ্যে জেলা/ উপজেলা/ ইউনিয়ন/ ওয়ার্ড দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সহায়তা গ্রহণ করা যেতে পারে।
- ত্রাণ বিতরণের সময় সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি অবশ্যই মানতে হবে।

(খ) নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ছুটি কালীন সময়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের জরুরী দাপ্তরিক কার্যাদি সম্পাদনের জন্য গত ২৩/০৩/২০২০ খ্রিঃ এবং ০৩/০৪/২০২০ খ্রিঃ তারিখে দুটি অফিস আদেশ জারী করা হয়েছে। উক্ত অফিস আদেশ অনুযায়ী ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে ১২/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্তপ্রতিদিন মন্ত্রণালয়ের জরুরী কার্যাবলী সম্পাদনের জন্য ১০ জন অতিরিক্ত সচিবের নেতৃত্বে নির্ধারিত কর্মকর্তা/কর্মচারীরা দায়িত্ব পালন করছেন। এনডিআরসিসি'র কার্যক্রম যথারিতী অব্যাহত রয়েছে।

(গ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের করোনা ভাইরাস বিস্তার প্রতিরোধ ইতোমধ্যে নিয়োক্ত কার্যক্রম গ্রহণ করেছেঃ

- ১। চীন হতে প্রত্যগত ০১/০২/২০২০ হতে ১৬/০২/২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত কোয়ারেন্টাইনে রাখা ৩১২ জনের মধ্যে খাবার, বিছানাপত্রসহ প্রয়োজনীয় ব্যবহার্য সামগ্রী সরবরাহ করা হয়েছে। একই পদ্ধতিতে ১৪/০৩/২০২০ ও ১৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ইতালি থেকে প্রত্যগত প্রবাসী নাগরিকদের যথাক্রমে ১৫০, ১৭০ ও ২৪৮ জনের মধ্যে খাবার সরবরাহসহ অন্যান্য ব্যবহার্য লজিস্টিক সার্পোর্ট প্রদান করা হয়েছে।
- ২। স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত জাতীয় কমিটিতে গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হচ্ছে।
- ৩। রোহিঙ্গা ও জেনেভা ক্যাম্প এবং বস্তিসমূহে হ্যান্ড স্যানিটাইজার বিতরণসহ করোনা ভাইরাস সম্পর্কে সচেতন করা হচ্ছে।
- ৪। দুর্যোগ ব্যবস্থাপনায় নিয়োজিত সিপিপি, আরবান ভলান্টিয়ার, বাংলাদেশ স্কাউটসহ অন্যান্য ভলান্টিয়ারদেরকে সচেতনমূলক কাজে নিজস্ব স্বাস্থ্যবিধি মেনে সতর্কতার সাথে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে।
- ৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কন্ট্রোল রুম ২৪ x ৭ খোলা রাখা এবং মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যাদি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।
- ৬। এনডিআরসিসি থেকে প্রতি ৪ ঘন্টা পর পর করোনা ভাইরাস সম্পর্কিত প্রতিবেদন প্রকাশ করাসহ সংশ্লিষ্টদের অবহিত করা হচ্ছে।
- ৭। সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বেচ্ছাসেবকদের মাধ্যমে জনগণের মধ্যে লিফলেট বিতরণ করা হচ্ছে।
- ৮। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফার্মেসী বিভাগ ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়কে হ্যান্ড স্যানিটাইজার প্রস্তুতে সহায়তা করা হচ্ছে।
- ৯। দেশের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণে মন্ত্রণালয় কর্তৃক কমিটি গঠন ও কার্যক্রম চলমান রয়েছে।
- ১০। চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় মুহূর্তে মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য প্রস্তুত ি রয়েছে।
- ১১। ৩১/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে আশকোনা স্থায়ী হাজী ক্যাম্পে অবস্থানকালীন খাবার সরবরাহ ও তদারকি করার কাজে সহায়তা করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্মকর্তা/ কর্মচারীগণ নিজস্ব দাপ্তরিক দায়িত্বের অতিরিক্ত এ দায়িত্ব পালন করছেন।
- ১২। দেশের বিভিন্ন বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যন্ত সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অনুরোধ করা হয়েছে।
- ১৩। স্বেচ্ছাসেবকদের নিরাপত্তার বিষয়টি বিবেচনায় রেখে পিপিই (personal protection equipment) সংগ্রহ করা হচ্ছে।
- ১৪। করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলায় জন্য ৬৪টি জেলায় ০২/০৪/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ১৫ কোটি ৯৪ লক্ষ ৭২ হাজার ২৬৪ টাকা জিআর (ক্যাশ) নগদ এবং ৪৮ হাজার ১ শত ১৭ মেঃটন জিআর চাল জেলা প্রশাসকের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দের বিস্তারিত তথ্যে তে প্রদান করা হয়েছে।

১৫। গত ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৪.০ টায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ডা. মোঃ এনামুর রহমান, এমপি'র সভাপতিত্বে জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় গুপের একটি সভা এ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়েছে। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী (SOD) এর ৩য় অধ্যায়ের অনুচ্ছেদ ৩.১.৭-এ বর্ণিত ১৭ সদস্য বিশিষ্ট জাতীয় দুর্যোগ সাড়াদান গুপের দায়িত্ব ও কার্যাবলীর ১৮ নম্বর ক্রমিকের নির্দেশনার আলোকে বিশ্বব্যাপী কভিড-১৯ বিস্তার লাভ করায় এবং একে বিশ্ব মহামারী ঘোষণা করায় এ সভা আহ্বান করা হয়। সভায় এ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগের সচিব, পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের সচিব, আইএমইডি'র সচিবসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (১) প্রতিটি জেলায় ডেডিকেটেড হসপিটালসহ প্রয়োজনীয় বিশেষজ্ঞ, ডাক্তার, নার্স, ডাইভার, এম্বুলেন্স, ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (পিপিই) ব্যবস্থা রাখতে হবে।
- (২) মানবিক সহায়তা বিতরণের ক্ষেত্রে আইন শৃংখলা রক্ষার্থে পূর্বহে পুলিশ বিভাগকে অবহিত করতে হবে।
- (৩) করোনা ভাইরাস মোকাবিলায় সম্পদ, সেবা জরুরী আশ্রয়কেন্দ্র হিসেবে চিহ্নিত ভবন, যানবহন বা অন্যান্য সুবিধা হুকুম দখল বা রিকুজিশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে রাখতে হবে।
- (৪) করোনা ভাইরাস যেহেতু সংক্রামক ব্যাধি সেহেতু ধ্বংসাবশেষ, বর্জ্য অপসারণ, মৃতদেহ ব্যবস্থাপনা, মানবিক সহায়তা ব্যবস্থাপনা, স্বাস্থ্য এবং আশ্রয়কেন্দ্র প্রত্যেকটি ক্ষেত্রে স্বাস্থ্য মন্ত্রণালয়ের গাইডলাইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- (৫) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত সংবাদটি ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ।

ব্রেকিং নিউজ	
ক)	মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী স্থানীয় জনপ্রতিনিধি ও স্থানীয় প্রশাসন আপনার পাশে আছেন, প্রয়োজনীয় খাদ্য সহায়তার জন্য যোগাযোগ করুন।
খ)	সামাজিক দূরত্ব বজায় রাখুন।
গ)	অতি প্রয়োজন ব্যতিত ঘরের বাহিরে যাওয়া থেকে বিরত থাকুন।
ঘ)	স্বাস্থ্য বিধি মেনে চলুন।

প্রচারেঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণায় কর্তৃক গৃহীত মানবিক সহায়তা কার্যক্রমঃ

(১) সম্ভাব্য করোনা ভাইরাস পরিস্থিতি মোকাবিলার জন্য বরাদ্দকৃত মানবিক সহায়তার বিবরণ (০২/০৪/২০২০ খ্রিঃ তারিখ):

ক্রঃনং	জেলার নাম	ক্যাটাগরি	৩০-০৩-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ত্রাণ কার্য (চাল) বরাদ্দ (মেঃটন)	০২-০৪-২০২০ খ্রিঃ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ ত্রাণ কার্য (চাল) (মেঃ টন)	৩০-০৩-২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ত্রাণ কার্য (নগদ) বরাদ্দ (টাকা)	০২-০৪-২০২০ খ্রিঃ তারিখে করোনা ভাইরাসে বিশেষ বরাদ্দ ত্রাণ কার্য (নগদ) (টাকা)
১	ঢাকা (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	৯০৩	২০০	৩৫৯৯৫০০	২০০০০০০
২	গাজীপুর (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	৫১৪	২০০	২২৬২০০০	১০০০০০০
৩	ময়মনসিংহ (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	৬৫৬	২০০	১৮৯২৫০০	১০০০০০০
৪	ফরিদপুর	A শ্রেণী	৫৫৭	১৫০	১৮৫৪০০০	৮০০০০০
৫	কিশোরগঞ্জ	A শ্রেণী	৭৯৪	১৫০	২১০০০০০	৮০০০০০
৬	নেত্রকোনা	A শ্রেণী	৯৩৫	১৫০	১৯০১০০০	৮০০০০০
৭	টাংগাইল	A শ্রেণী	৫৯৪	১৫০	১৮৫০০০০	৮০০০০০
৮	নরসিংদী	B শ্রেণী	৪২০	১০০	১৪০৫০০০	৬০০০০০
৯	মানিকগঞ্জ	B শ্রেণী	৫৪৭	১০০	১৩৭৭০০০	৬০০০০০
১০	মুন্সিগঞ্জ	B শ্রেণী	৫৩৫	১০০	১৪৫৫০০০	৬০০০০০
১১	নারায়নগঞ্জ (মহানগরীসহ)	B শ্রেণী	৬৩৫	২০০	১৯৫৫০০০	১০০০০০০
১২	গোপালগঞ্জ	B শ্রেণী	৬১২	১০০	১৯৭৪০০০	৬০০০০০
১৩	জামালপুর	B শ্রেণী	৫৪৪	১০০	১৫৬০০০০	৬০০০০০
১৪	শরীয়তপুর	B শ্রেণী	৪৯৮	১০০	১৪৮৫০০০	৬০০০০০
১৫	রাজবাড়ী	B শ্রেণী	৫০৭	১০০	১৫৪৫০০০	৬০০০০০
১৬	শেরপুর	B শ্রেণী	৫২৪	১০০	১৬৩০০০০	৬০০০০০
১৭	মাদারীপুর	C শ্রেণী	৫১৫	৭৫	১২০০০০০	৪০০০০০
১৮	চট্টগ্রাম (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	৯৩২	২০০	২৮৫০০০০	১০০০০০০
১৯	কক্সবাজার	A শ্রেণী	৫৪৫	১৫০	১৭৫২৫০০	৮০০০০০
২০	রাংগামাটি	A শ্রেণী	৮৬৩	১৫০	১৮৭০০০০	৮০০০০০
২১	খাগড়াছড়ি	A শ্রেণী	৫৬৫	১৫০	১৯০৫০০০	৮০০০০০
২২	কুমিল্লা (মহানগরীসহ)	A শ্রেণী	৬১৩	২০০	২১৫৫০০০	১০০০০০০
২৩	ব্রাহ্মণবাড়িয়া	A শ্রেণী	৬৫০	১৫০	১৯০০০০০	৮০০০০০

২৪	চাঁদপুর	A শ্রেণী	৫৮৪	১৫০	১৮১০০০০	৮০০০০০
২৫	নোয়াখালী	A শ্রেণী	৫৭৬	১৫০	১৯০০০০০	৮০০০০০
২৬	ফেনী	B শ্রেণী	৯৪৮	১০০	২৫৯৮২৬৪	৬০০০০০
২৭	লক্ষ্মীপুর	B শ্রেণী	৮০০	১০০	১৯১৫০০০	৬০০০০০
২৮	বান্দরবান	B শ্রেণী	৫৫২	১০০	১৬৪০০০০	৬০০০০০
২৯	রাজশাহী (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	৭৯৮	২০০	২০৩৭৫০০	১০০০০০০
৩০	নওগাঁ	A শ্রেণী	৫৪২	১৫০	১৮৫৫০০০	৮০০০০০
৩১	পাবনা	A শ্রেণী	৫৩০	১৫০	১৯১০০০০	৮০০০০০
৩২	সিরাজগঞ্জ	A শ্রেণী	৭০৩	১৫০	১৬১০০০০	৮০০০০০
৩৩	বগুড়া	A শ্রেণী	৬৬৮	১৫০	২৪৩০০০০	৮০০০০০
৩৪	নাটোর	B শ্রেণী	৪৫৫	১০০	১৪১৫০০০	৬০০০০০
৩৫	চাঁপাইনবাবগঞ্জ	B শ্রেণী	৪৪৮	১০০	১৭০৫০০০	৬০০০০০
৩৬	জয়পুরহাট	B শ্রেণী	৪৯৬	১০০	১৪০০০০০	৬০০০০০
৩৭	রংপুর (মহানগরীসহ)	A শ্রেণী	৮৮৫	২০০	১৮৯৬৫০০	১০০০০০০
৩৮	দিনাজপুর	A শ্রেণী	৫৭৬	১৫০	১৯৯৪০০০	৮০০০০০
৩৯	কুড়িগ্রাম	A শ্রেণী	৬০৮	১৫০	১৮৪০০০০	৮০০০০০
৪০	ঠাকুরগাঁও	B শ্রেণী	৫৪৮	১০০	১৪৮৯০০০	৬০০০০০
৪১	পঞ্চগড়	B শ্রেণী	৬৭১	১০০	১৪৪৫০০০	৬০০০০০
৪২	নীলফামারী	B শ্রেণী	৫৮১	১০০	১৪০৬০০০	৬০০০০০
৪৩	গাইবান্ধা	B শ্রেণী	৫০৯	১০০	১৫৩৫০০০	৬০০০০০
৪৪	লালমনিরহাট	B শ্রেণী	৫১২	১০০	১৪১২৫০০	৬০০০০০
৪৫	খুলনা (মহানগরীসহ)	বিশেষ শ্রেণী	৮৪০	২০০	১৮৫৭০০০	১০০০০০০
৪৬	বাগেরহাট	A শ্রেণী	৯৪৩	১৫০	১৯৫০০০০	৮০০০০০
৪৭	যশোর	A শ্রেণী	৫৯৪	১৫০	১৮২৭০০০	৮০০০০০
৪৮	কুষ্টিয়া	A শ্রেণী	৪৭০	১৫০	১৮০০০০০	৮০০০০০
৪৯	সাতক্ষীরা	B শ্রেণী	৫০০	১০০	১৪৫০০০০	৬০০০০০
৫০	ঝিনাইদহ	B শ্রেণী	৫২৮	১০০	১৪১৬০০০	৬০০০০০
৫১	মাগুরা	C শ্রেণী	৩৮৫	৭৫	১২৫৪৫০০	৪০০০০০
৫২	নড়াইল	C শ্রেণী	৪৬১	৭৫	১২৪৬৫০০	৪০০০০০
৫৩	মেহেরপুর	C শ্রেণী	৫৯১	৭৫	১১৭৫০০০	৪০০০০০
৫৪	চুয়াডাঙ্গা	C শ্রেণী	৫৩৩	৭৫	১১৪৯৫০০	৪০০০০০
৫৫	বরিশাল (মহানগরীসহ)	A শ্রেণী	৫৯৫	২০০	১৮৫৬০০০	১০০০০০০
৫৬	পটুয়াখালী	A শ্রেণী	৫৫৬	১৫০	১৯০০০০০	৮০০০০০
৫৭	পিরোজপুর	B শ্রেণী	৫৮৯	১০০	১৮৭৪০০০	৬০০০০০
৫৮	ভোলা	B শ্রেণী	৫৭৭	১০০	১২২৫০০০	৬০০০০০
৫৯	বরগুনা	B শ্রেণী	৫০৮	১০০	১৫৫০০০০	৬০০০০০
৬০	ঝালকাঠি	C শ্রেণী	৪৮৩	৭৫	১০৯১৫০০	৪০০০০০
৬১	সিলেট (মহানগরীসহ)	A শ্রেণী	৭২১	২০০	১৯৬০০০০	১০০০০০০
৬২	হবিগঞ্জ	A শ্রেণী	৮২৫	১৫০	১৮২৪০০০	৮০০০০০
৬৩	সুনামগঞ্জ	A শ্রেণী	৬৪৫	১৫০	১৮১০০০০	৮০০০০০
৬৪	মৌলভীবাজার	B শ্রেণী	৮৭৫	১০০	১৫৩৫০০০	৬০০০০০
	মোট=		৩৯,৬৬৭ (উনচল্লিশ হাজার ছয়শত সাতষট্টি) মেঃ টন	৮,৪৫০ (আট হাজার চার শত পঞ্চাশ) মেঃ টন	১১,২৪,৭২,২৬৪ (এগার কোটি চব্বিশ লক্ষ বাহাত্তর হাজার দুইশত চৌষট্টি) টাকা	৪,৭০,০০,০০০ (চার কোটি সত্তর লক্ষ) টাকা

(সূত্র: ত্রাণ কর্মসূচী-১ শাখার ০২/০৪/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০০৯.১৮.১৬২)

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৪৩৩/১(১৬৬)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


৬-৪-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল: controlroom.ddm@gmail.com

তারিখ: ২৩ টেব্র ১৪২৬

০৬ এপ্রিল ২০২০

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক, (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক, (সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা (সকল)



৬-৪-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)